# ব্যাংকের সুদ কি হালাল

বিভাগ/অধ্যায়ঃ সূচি ও বিবরন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুশ্তাক আহমাদ কারীমী

## সূদের চরিত্রগত ও নৈতিক ক্ষতি

সচ্চরিত্র ও আত্মা মানবতার মৌলিক উপাদান। আমাদের এই উপাদানে যা ক্ষতিসাধন করে তা সর্বাবস্থায় পরিত্যাজ্য; চাহে তার অন্যান্য উপকারিতা যতই বর্ণনা করা হোক না কেন। এখন যদি আপনি সূদের মনস্তাত্ত্বিক সমীক্ষা করেন তাহলে বিদিত হবেন যে, অর্থ সঞ্চয় করার আকাঙক্ষা থেকে শুরু করে সূদী কারবারের বিভিন্ন পর্যায় ও অবস্থান্তরে পূর্ণ মানসিক আচরণ স্বার্থপরতা, কৃপণতা, সংকীর্ণমনতা, নির্মমতা এবং অর্থপরায়ণতার মত হীনগুণের কুপ্রভাবের নিয়ন্ত্রণে পরিচালিত থাকে। সূদী কারবারে মানুষ যত অগ্রসর হতে থাকে উক্ত অসৎ গুণাবলী তার মধ্যে ততই প্রতিপালন ও বৃদ্ধি পেতে থাকে।

পক্ষান্তরে ঠিক এর বিপরীত; সদকাহ এবং যাকাত প্রদানের প্রাথমিক নিয়ত থেকে শুরু করে আমলে পরিণত হওয়া পর্যন্ত অবস্থায় মানুষের মানসিক আচরণ সম্পূর্ণ দানশীলতা, বদান্যতা, ত্যাগ, উৎসর্গ, সহানুভূতি, উদারতা ও উচ্চমন্যতার মত সদ্গুণের নিয়ন্ত্রণাধীন থাকে। আবার এই সৎকর্মের উপর আমল করতে থাকলে উক্ত প্রকার সুগুণগুলিও মানুষের মাঝে ক্রমোন্নতি ও বৃদ্ধি লাভ করতে থাকে। এক্ষণে আপনার হৃদয় ও মন কি সাক্ষ্য দেয় না যে, উপরোক্ত উভয়প্রকার চারিত্রিক গুণাগুণ-গুচ্ছের মধ্যে প্রথম গুচ্ছ হল নিকৃষ্ট এবং দ্বিতীয়টি উৎকৃষ্ট ?

Source — https://www.hadithbd.com/books/link/?id=4525

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন